

উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি সভার কার্যবিবরণী  
সভার তারিখ : ২৬ আগস্ট ২০২১



অদ্য ২৬ আগস্ট ২০২১ইং তারিখ রোজ বৃহস্পতিবার উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, লামা, বান্দরবান এর উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব মোঃ জাহেদ উদ্দিন।

উক্ত সভার আলোচ্যসূচী নিম্নরূপ-

- ১। অত্র কার্যালয়ের বর্তমান কার্যক্রম, অগ্রগতি এবং পরবর্তী মাসের কর্মবণ্টন/কর্মপরিকল্পনা।
- ২। উপজেলা পরিষদ, লামা, বান্দরবান থেকে প্রস্তাবিত স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্প প্রস্তাব।
- ৩। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

আলোচ্যসূচী-১: অত্র কার্যালয়ের বর্তমান কার্যক্রম আলোচনা এবং পরবর্তী মাসের কর্ম পরিকল্পনা সন্তোষজনক প্রকাশ করা হয়। সভায় আলোচনার মাধ্যমে উক্ত কার্যালয়ের কার্যক্রম আরো গতিশীল ও বেগবান করার প্রত্যাশা করেন সভাপতি জনাব মোঃ জাহেদ উদ্দিন।

আলোচ্যসূচী-২: অনুযায়ী উপজেলা পরিষদ, লামা এর সাধারণ সভায় প্রকল্প আহবানের ভিত্তিতে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে একটি উপ প্রকল্প প্রস্তাব দেয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।

আলোচ্যসূচী-৩: অনুযায়ী কার্যালয়ের সকল কাগজপত্র হালনাগাদ করার বিষয়ে তাগিদ দেয়া হয়।


প্রকল্পটি নিম্নরূপ:

ক)সদ্য নির্বাচিত বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ের উপর

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর

ক্র: নং	নাম	কর্মস্থলের পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ জাহেদ উদ্দিন	ভাইস চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত/-
২.	জনাব চাছিং শ্রু মার্মা	চেয়ারম্যান, ৬নং রুপসীপাড়া ইউনিয়ন	সদস্য	স্বাক্ষরিত/-
৩.	জনাব কামরুজ্জামান	সাধারণ সম্পাদক, লামা প্রেসক্লাব	সদস্য	স্বাক্ষরিত/-
৪.	জনাব বিজয় আইচ	বিশিষ্ট ঠিকাদার, লামা বাজার	সদস্য	স্বাক্ষরিত/-
৫.	জনাব সাহাব উদ্দিন	শিক্ষক, লাইনবারি মোহাম্মদীয়া ইসঃ দাখিল মাদ্রাসা	সদস্য	স্বাক্ষরিত/-
৬.	জনাব মোঃ আলমগীর	২নং ওয়ার্ড, লামা পৌরসভা	সদস্য	স্বাক্ষরিত/-
৭.	জনাব তপন কুমার চৌধুরী	উপজেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য সচিব	স্বাক্ষরিত/-


সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ জাহেদ উদ্দিন)  
সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি  
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৫। জনাব ..... সদস্য, উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, লামা, বান্দরবান।

  
(জনাব তপন কুমার চৌধুরী)  
উপজেলা শিক্ষা অফিসার ও  
সদস্য সচিব  
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি  
লামা, বান্দরবান পার্বত্য জেলা।